

নম্বর : ৮০.০০.০০০০.৪০২.১৯.০৫৬.২৪-২২৪

তারিখ : ০৩ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
১৭ জুন ২০২৬ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের কম্পিউটার মুদ্রাক্ষরিক জনাব মোঃ লিমন বিগত ১১.০৬.২০২৬ তারিখ আনুমানিক ৪.৩০ ঘটিকায় দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা কর্তৃক গৃহীত অফিস সহকারী-কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের ব্যবহারিক পরীক্ষায় অন্যান্য হয়ে প্রক্সি (Proxy) পরীক্ষা দিতে গিয়ে ধৃত হন। আদালতের সম্মুখে বর্ণিত অপরাধ সংঘটিত হওয়ায় এবং অভিযুক্ত ব্যক্তির দোষ স্বীকার ও স্বাক্ষরীদের সাক্ষ্যের ভিত্তিতে মোবাইল কোর্ট আইন, ২০০৯-এর ৬(১) ও ৭(১) অনুযায়ী অপরাধীকে দণ্ডবিধি, ১৮৬০-এর ১৮৮ ধারায় দোষী সাব্যস্ত করে ৩০(ত্রিশ) দিনের বিনাশ্রম কারাদণ্ডে দণ্ডিত করা হয় (মোবাইল কোর্ট মামলা নং-০৫/২৬)।

২.০ অভিযুক্ত কম্পিউটার মুদ্রাক্ষরিক জনাব মোঃ লিমন ০৪.০৮.২০২৪ তারিখ অত্র কমিশন সচিবালয়ে যোগদান করেন এবং তাঁর শিক্ষানবিসকাল সম্পন্ন হয়নি।

৩.০ এমতাবস্থায়, কম্পিউটার মুদ্রাক্ষরিক জনাব মোঃ লিমন-কে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৮-এর ৬(১)(ক) ও ৬(২)(ক) এবং নিয়োগপত্রের শর্তাবলি অনুযায়ী ১১.০৬.২০২৬ তারিখ হতে তাঁর চাকুরীর অবসান ঘটানো হলো।

৪.০ জনস্বার্থে জারিকৃত এ আদেশ ১১.০৬.২০২৬ তারিখ থেকে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

ড. মোঃ সানোয়ার জাহান ভূঁইয়া
সচিব

ফোন: ৫৫০০৬৬২২

secretary@bpsc.gov.bd

জনাব মোঃ লিমন
পিতা মৃত আলাউদ্দিন হাওলাদার
বর্তমান ঠিকানা: বাসা-৩৯, রোড-১, ব্লক-বি, সেকশন-১৩, মিরপুর, ঢাকা।
স্থায়ী ঠিকানা : গ্রাম: রামকেশব, ডাকঘর: দরুন বাজার-৮৩২০, উপজেলা:
বোরহানউদ্দিন, জেলা: ভোলা।

নম্বর : ৮০.০০.০০০০.৪০২.১৯.০৫৬.২৪-২২৪

তারিখ : ০৩ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
১৭ জুন ২০২৬ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. উপসচিব (প্রশাসন/অর্থ ও সেবা/বাজেট ও উন্নয়ন), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
২. পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার/নন-ক্যাডার)/আইন উপদেষ্টা/পরিচালক (সকল), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৩. উপপরিচালক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, সকল আঞ্চলিক কার্যালয়।
৪. চেয়ারম্যানের একান্ত সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় চেয়ারম্যানের সদয় অবগতির জন্য)
৫. সচিবের একান্ত সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৭. হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৮. যুগ্মসচিবের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৯. বিজ্ঞ সদস্য (সকল) এর ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)

১৭.০৬.২৬
মোঃ ওয়াশীমুল বারী
উপসচিব (প্রশাসন)